# Ursohil

Ursodeoxycholic Acid BP Tablet

**Presentation**

**Ursohil** 150 Tablet: Each film-coated tablet contains Ursodeoxycholic Acid BP 150 mg.
**Ursohil** 300 Tablet: Each film-coated tablet contains Ursodeoxycholic Acid BP 300 mg.

**Description**

Ursodeoxycholic Acid is a naturally occurring bile acid used to treat different hepatobilliary disorders. It decreases the secretion of cholesterol in different ways in the bile: Ursodeoxycholic Acid reduces cholesterol absorption and suppresses liver cholesterol synthesis. But it does not inhibit bile acid synthesis.

**Indications**

- Dissolution of small to medium sized radiolucent, noncalcified gall bladder stones in functioning gall bladders
- Prevention of gallstone formation in obese patients experiencing rapid weight loss
- Primary biliary cirrhosis

**Dosage & administration**

For adults & elderly:

- *Dissolution of gallstone:* 8 - 10 mg/kg/day given in 2 or 3 divided doses.
- *Prevention of gallstone formation:* 300 mg twice daily.
- *Primary biliary cirrhosis:* 13 - 15 mg/kg/day in 2 to 4 divided doses with food.

**Contraindications**

This medicine is contraindicated in calcified cholesterol stones, radio-opaque stones, radiolucent bile pigmented stones; and in patients with acute cholecystitis, biliary obstruction, gallstone pancreatitis, biliary-gastrointestinal fistula and who are allergic to bile acids.

**Side effects**

This drug may give rise to nausea, vomiting, dizziness, headache, dyspepsia, diarrhea, abdominal pain and pruritus.

**Precaution**

Excessive dietary intake of calories and cholesterol should be avoided. Liver function tests and bilirubin levels should be monitored every month for three months after start of therapy, and every six months thereafter.

**Use during pregnancy and lactation**

**Pregnancy category B**. There is no adequate and well-controlled studies in pregnant and lactating women. This drug should be used only if the benefit outweighs the risk. It is not not known whether Ursodeoxycholic Acid is excreted in human milk. So, caution should be exercised when it is administered to a lactating mother.

**Drug interactions**

This drug should not be administered with oral contraceptive, oestrogenic hormones and other drugs which reduce the blood cholesterol level and increase the bile cholesterol level. Concomitant administration with bile acid binding drugs including antacids, charcoal and cholestyramine should be avoided. Since this may reduce the effectiveness of the therapy with Ursodeoxycholic Acid.

**Overdose**

It is unlikely that overdose will cause serious side effects. Diarrhoea may occur and it is recommended that liver function test to be monitored.

**Storage**

Store in a cool dry place, protected from light. Store below 30° C. Keep all medicines out of the reach of children.

**Commercial Pack**

**Ursohil** 150 tablet: Each box contains 3X10's tablets in Alu-Alu blister pack.
**Ursohil** 300 tablet: Each box contains 2X10's tablets in Alu-Alu blister pack.


Manufactured by:
Goodman
**Goodman Pharmaceuticals Ltd.**
Better Health For All
Bhangnahati, Sreepur, Gazipur, Bangladesh


# আরসোহিল

আরসোডিঅক্সিকোলিক এসিড বিপি ট্যাবলেট

**উপস্থাপন**

আরসোহিল ১৫০ ট্যাবলেট: প্রতিটি আবরণযুক্ত ট্যাবলেট এ আছে আরসোডিঅক্সিকোলিক এসিড বিপি ১৫০ মি.গ্রা.।
আরসোহিল ৩০০ ট্যাবলেট: প্রতিটি আবরণযুক্ত ট্যাবলেট এ আছে আরসোডিঅক্সিকোলিক এসিড বিপি ৩০০ মি.গ্রা.।

**বর্ণনা**

আরসোডিঅক্সিকোলিক এসিড হলো প্রাকৃতিকভাবে তৈরি বাইল এসিড যা বিভিন্ন ধরনের হেপাটোবিলিয়ারি ডিস্অর্ডারের চিকিৎসায় ব্যবহৃত হয়। ইহা পিত্তে কোলেস্টেরলের পরিমাণ বিভিন্নভাবে কমিয়ে দেয়: আরসোডিঅক্সিকোলিক এসিড কোলেস্টেরলের আন্ত্রিক শোষণ কমায় এবং যকৃতে কোলেস্টেরল তৈরিতে বাধা দেয়। কিন্তু ইহা বাইল এসিড তৈরিতে বাধা দেয় না।

**নির্দেশনা**

- কার্যকর পিত্ত থলির ক্ষুদ্র থেকে মাঝারি ধরনের রেডিওলুসেন্ট, নন্ক্যালসিফাইড পিত্তপাথর বিগলন
- হঠাৎ ওজন কমে যাওয়া স্থূলকায় রোগীর ক্ষেত্রে পিত্তপাথর গঠন প্রতিরোধ
- প্রাইমারি বিলিয়ারি সিরোসিস

**মাত্রা ও সেবনবিধি**

প্রাপ্তবয়স্ক ও বয়োবৃদ্ধ:

- পিত্তপাথর বিগলন: দৈনিক ৮ - ১০ মি.গ্রা./কেজি ২ অথবা ৩ বিভক্ত মাত্রায়।
- পিত্তপাথর গঠন প্রতিরোধ: ৩০০ মি.গ্রা. দিনে ২ বার ।
- প্রাইমারি বিলিয়ারি সিরোসিস: দৈনিক ১৩ - ১৫ মি.গ্রা./কেজি ২ থেকে ৪ বিভক্ত মাত্রায় খাবারের সাথে।

**প্রতিনির্দেশনা**

ক্যালসিফাইড কোলেস্টেরল পাথর, রেডিও-অপ্যাক পাথর, রেডিওলুসেন্ট বাইল পিগমেন্টেড পাথরের চিকিৎসায়; এবং যাদের একিউট কোলেসিস্টাইটিস, বিলিয়ারি অব্স্ট্রাকশন, গলস্টোন প্যানক্রিয়াটাইটিস, বিলিয়ারি-গ্যাস্ট্রোইন্টেস্টিনাল ফিসটুলা হয়েছে এবং যারা বাইল এসিডের প্রতি সংবেদনশীল তাদের ক্ষেত্রে ওষুধটি প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণত বমি বমি ভাব, বমি, মাথা ঘোরা, মাথা ব্যথা, বদহজম, ডায়রিয়া, পেট ব্যথা ও চুলকানি দেখা দিতে পারে।

**পূর্বসতর্কতা**

অতিরিক্ত ক্যালরিযুক্ত এবং কোলেস্টেরলযুক্ত খাবার পরিহার করা উচিত। চিকিৎসা শুরুর প্রথম তিন মাসের প্রতি মাসে এবং পরবর্তীতে ছয় মাস পর পর লিভার ফাংশনের পরীক্ষা এবং বিলিরুবিনের মাত্রা পর্যবেক্ষণ করা উচিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**

প্রেগন্যান্সি ক্যাটাগরী বি। গর্ভাবস্থায় ও স্তন্যদানকারী মায়েদের মধ্যে আরসোডিঅক্সিকোলিক এসিডের পর্যাপ্ত এবং সুনিয়ন্ত্রিত পরীক্ষা হয় নাই। তবে এ সময় ঝুঁকির সাপেক্ষে সম্ভাব্য সুবিধা অধিক হলে এটি সতর্কতার সাথে ব্যবহার করা যেতে পারে। মাতৃদুগ্ধের সাথে নি:সৃত হয় কিনা জানা যায়নি। তাই স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

**ড্রাগ ইন্টারঅ্যাকশন**

আরসোডিঅক্সিকোলিক এসিডের সাথে ওরাল কন্ট্রাসেপ্টিভ, ইস্ট্রোজেনিক ওষুধ এবং অন্যান্য কিছু ওষুধ যেগুলো ব্লাড কোলেস্টেরল লেভেল কমায় ও বাইল কোলেস্টেরল লেভেল বাড়ায় একত্রে ব্যবহার করা ঠিক নয়। বাইল এসিডের সাথে সংযুক্ত হওয়া ওষুধ যেমন এন্টাসিড, চারকোল এবং কোলেস্টাইরামিনের সাথে যৌথ ব্যবহার পরিহার করা উচিত যেহেতু এগুলো আরসোডিঅক্সিকোলিক এসিডের কার্যকারিতা কমিয়ে দেয়।

**মাত্রাধিক্য**

মাত্রাধিক্যের ফলে মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয়ার সম্ভাবনা খুবই কম। তবে ডায়রিয়া হতে পারে এবং লিভার ফাংশন টেস্ট পর্যবেক্ষণ করার পরামর্শ দেয়া হয়।

**সংরক্ষন**

সরাসরি আলো থেকে দূরে রাখুন। শুষ্ক স্থানে, ৩০° সে. তাপমাত্রার নীচে সংরক্ষন করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক**

আরসোহিল ১৫০ ট্যাবলেট: প্রতিটি বাক্সে আছে ৩x১০ টি ট্যাবলেট এ্যালু-এ্যালু ব্লিস্টার প্যাকে।
আরসোহিল ৩০০ ট্যাবলেট: প্রতিটি বাক্সে আছে ২x১০ টি ট্যাবলেট এ্যালু-এ্যালু ব্লিস্টার প্যাকে।


প্রস্তুতকারক:
Goodman
**গুডম্যান ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
Better Health For All
ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুর, বাংলাদেশ